

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২

১/ বিবিধ

আরবী

إذا استصعبت على أحدكم دابته أوساء خلق زوجته أو أحد من أهل بيته فليؤذن في أذنه

ضعيف

أورده الغزالي (2 / 195) جازما بنسبته إليه صلى الله عليه وسلم! وقال مخرجه الحافظ العراقي: رواه أبو منصور الديلمي في " مسند الفردوس " من حديث الحسين ابن علي بن أبي طالب بسند ضعيف نحوه قلت: ولفظه كما في " الفردوس " (3 / 558): " من ساء خلقه من إنسان أو دابة، فأذنوا في أذنيه

বাংলা

৫২। তোমাদের কারোর উপর যখন তার পশুটি বোঝা স্বরূপ হয়ে যাবে অথবা তার স্ত্রীর চরিত্র অথবা তার পরিবারের যে কোন একজনের চরিত্র মন্দ হয়ে যাবে, তখন সে যেন তার কানে আযান দেয়।

হাদীসটি দুর্বল।

হাদীসটি গাযালী দৃঢ়তার সাথে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা বলে "ইয়াহইয়াউল উলুমিদ-দ্বীন" গ্রন্থে (২/১৯৫) উল্লেখ করেছেন। তার তাখরীজকারী হাফিয ইরাকী বলেনঃ হাদীসটি আবু মানসূর আদ-দাইলামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে হুসাইন ইবনু 'আলী ইবনে আবী তালিব (রাঃ) হতে দুর্বল সনদে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে (৩/৫৫৮) হাদীসটির ভাষা নিম্নরূপঃ



من ساء خلقه من إنسان أو دابة، فأذنوا في أذنيه

মানুষ অথবা পশুর মধ্য হতে যার চরিত্র খারাপ হয়ে যাবে তোমরা তার কান দু'টোতে আযান দিবে।'

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন